

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন


তারিখ: ০১ পৌষ ১৪৩০/ ১৬ ডিসেম্বর ২০২৩

নম্বর: ০৪.০০.০০০০.৪২৩.২২.০২২.৯৭— সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, বাংলাদেশের অকৃত্রিম বন্ধু কুয়েতের মহামান্য আমির শেখ নাওয়াফ আল-আহমদ আল-জাবের আল-সাবাহ-ঐর ইন্তেকালে ১৮ ডিসেম্বর ২০২৩ তারিখ সোমবার রাষ্ট্রীয়ভাবে শোক পালন করা হবে।

২। এ উপলক্ষে আগামী ১৮ ডিসেম্বর ২০২৩ তারিখ সোমবার বাংলাদেশের সকল সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং শিক্ষা প্রতিষ্ঠানসহ সকল সরকারি ও বেসরকারি ভবন এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।

৩। কুয়েতের মহামান্য আমিরের রুহের মাগফেরাতের জন্য আগামী ১৮ ডিসেম্বর ২০২৩ তারিখ সোমবার বাংলাদেশের সকল মসজিদে বিশেষ দোয়া অনুষ্ঠিত হবে। অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে তীর আত্মার শান্তির জন্য বিশেষ প্রার্থনার আয়োজন করা হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


মোঃ মাহবুব হোসেন
মন্ত্রিপরিষদ সচিব